R. N. No. 2532/57 Phone No. RGG.112 Regd No.—WB/MSD—4

টেলিফোন : ৩৪-১৫৫২
রিপ্রোডাক্সন সিন্ডিকেট
৭-১, বিধান সরণী, কলিকাতা-৬

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

প্রতিষ্ঠাতা—স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত ( দাদাঠাকুর )

ভি ডি ও ক্যাসেট স্যুটিং
এর জন্য যোগাযোগ করুন—
ষ্টুডিও চিত্রশ্রী
রঘুনাথগঞ্জ :: মুর্শিদাবাদ
ব্রাঞ্চ : ষ্টুডিও চিত্রশ্রী-২
রঘুনাথগঞ্জ ॥ ফুলতলা
এজেন্ট : স্ন্যাপ কালার ল্যাবঃ

৭৭শ বর্ষ
৪৫শ সংখ্যা

রঘুনাথগঞ্জ ১২ই চৈত্র বুধবার, ১৩৯৭ সাল
২৭শে মার্চ্চ, ১৯৯১ সাল।

নগদ মূল্য : ৫০ পয়সা
বার্ষিক ২৫৲

## প্রশাসনিক দুর্বলতায় বি জে পি সমর্থক খুন

রঘুনাথগঞ্জ : গত ২৫ মার্চ বেলা নটা নগদ রমনা সাঁকোর কাছে বাদশাহী সড়কের উপর সিদ্ধিকালী গ্রামের চাঁদগোর মালের (৫২) মৃতদেহ পড়ে থাকতে দেখা যায়। খবর চাঁদগোর সেদিন তাঁর শ্বশুরবাড়ী বারা গ্রামে যাবার পথে খুন হন। তাঁর শরীরে একাধিক অস্ত্রের চিহ্ন দেখা যায়। গ্রামবাসী সূত্রে জানা যায় চাঁদগোর প্রথমে কংগ্রেস ও পরে বি জে পিতে যোগ দেন। অন্য এক অসমর্থিত সংবাদে প্রকাশ পরে ফাইন দিয়ে তিনি গ্রামে থাকার অনুমতি পান সি পি এমের কাছ থেকে। সি পি এমের নিমাই মালের খুনের বদলা তাঁকে খুন করা হয়েছে বলে গ্রামবাসীদের সন্দেহ। এ ব্যাপারে বি জে পি থেকে রঘুনাথগঞ্জ ১নং পঞ্চায়েত সমিতির প্রাক্তন সভাপতি সি পি এম নেতা অনিল মুখার্জীর হাত আছে বলে পুলিশের কাছে অভিযোগ করা হয়েছে। পুলিশী তদন্ত চলছে। গ্রামে পুলিশ ক্যাম্প বসানো হয়েছে। বি জে পির অভিযোগ বারবার সজাগ করে দেওয়া সত্ত্বেও স্থানীয় প্রশাসন অনিল মুখার্জীর কাজকর্মে বাধা দানের কোন চেষ্টা না করায় এই খুন হয়েছে। আজ ২৭ মার্চ চাঁদগোরের মরদেহ নিয়ে বি জে পির এক শোক মিছিল শহর পরিক্রমা করে।

## মহকুমা হাসপাতালে ব্যাপক রদবদল

রঘুনাথগঞ্জ : জঙ্গিপুর হাসপাতালের সুপার ডাঃ গোপাল সরকার বদলী হলেন। তাঁকে বহরমপুর জেনারেল হাসপাতালে বদলী করা হয়েছে। রিলিভার এলেই তিনি নতুন পদে যোগ দেবেন বলে জানা যায়। ডাক্তারদের মধ্যে ডাঃ যজ্ঞেশ্বর মুখার্জী, ডাঃ চিন্ময় দে, ডাঃ এ বি সামন্ত এবং ডাঃ এস কে পালকে অন্যত্র বদলী করা হয়েছে বলে খবর। অন্য দিকে বর্তমান ভারপ্রাপ্ত হেড ক্লার্ক জয়ন্ত সরকারকে তাঁর পূর্বতন ভি ডি বিভাগে ক্লার্কের পদে যোগ দিতে বলা হয়েছে। তাঁর জায়গায় রাজনগর হেলথ সেণ্টারের কর্মী ফজলুল হক আসছেন। স্থানীয় মানুষ মনে করছেন মহকুমা হাসপাতালের বিরুদ্ধে বিভিন্ন দুর্নীতির অভিযোগ সোচ্চার হওয়ায়, সে সম্বন্ধ যে উচ্চ পর্য্যায়ের তদন্ত হয় তারই ফলশ্রুতি এই ব্যাপক রদবদল।

## শ্বাসরোধ করে গৃহবধূকে হত্যা করা হলো

আহিরণ : সুতী থানার ফতাইপুর গ্রামে গত ২০ মার্চ রাত্রে এক গৃহবধূকে স্বামী এবং শ্বশুর বাড়ীর লোকেরা শ্বাসরোধ করে হত্যা করেন বলে জানা যায়। মৃতার নাম বনলতা দাস (২০), বাপের বাড়ী রঘুনাথগঞ্জ থানার বড়জুমলা গ্রামে। মৃতার আত্মীয়রা ২১ মার্চ সুতী থানায় স্বামী, শ্বশুর, শাশুড়ী এবং ননদের নামে অভিযোগ জানান। বাড়ীর সকলে পলাতক। আত্মীয়দের অভিযোগ, পলাতক সকলে জঙ্গিপুর মহাবীরতলায় জনৈক নবকুমার দাসের বাড়ীতে আশ্রয় নিয়েছেন। নবকুমার মৃতা বধূটির শ্বশুরের ভায়রাভাই। পোষ্টমর্টেম রিপোর্টে ডাক্তাররা জানান মৃতার পিঠে, বুকে, গলায় আঘাতের চিহ্ন ছিল। ডাক্তারদের ধারণা, ভারী কিছু দিয়ে প্রহার করার পর শ্বাসরোধ করে মারা হয়েছে।

বনলতার বিয়ে হয় তিন বছর আগে '৮৮ সালে। বিয়ের এক বছর পর থেকে তাঁর স্বামী সমীর কুমার দাস (২৭), শাশুড়ী, ননদ, শ্বশুর চন্দন দাস অত্যাচার চালাতেন। মৃত্যুর দেড় মাস আগে বনলতা প্রায় ৭ মাস বাপের বাড়ী ছিলেন। আর অত্যাচার করা ( শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## ফরাক্কা তাপবিদ্যুৎ কেন্দ্রে রেকর্ড উৎপাদন

নবারুণপয়েণ্ট : ফরাক্কা বৃহৎ তাপবিদ্যুৎ কেন্দ্রে এ বছর রেকর্ড পরিমাণ বিদ্যুৎ উৎপাদন হয়েছে বলে খবর। বিদ্যুৎ কেন্দ্রের এক প্রতিনিধি জানান ২০০ মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন তিনটি ইউনিট গত ফেব্রুয়ারীতে ৭৪.৬৯% বিদ্যুৎ উৎপাদন করে বিস্ময় সৃষ্টি করেছে। উল্লেখ্য ১৯৯০-৯১ এ সরকারের সঙ্গে মেমোরেণ্ডাম অফ আনডারষ্ট্যাণ্ডিং এ টারগেট ছিল ২৫০০ এম ইউনিট বিদ্যুৎ উৎপাদন। কিন্তু ফরাক্কা এন টি পি সি ২৬২১.১৮ এম ইউনিট বিদ্যুৎ উৎপাদন করে সে টারগেট ছাড়িয়ে গেছে। ভারতে এন টি পি সি পরিচালিত সবকটি সংস্থার মধ্যে ফরাক্কা বিদ্যুৎ উৎপাদনে শ্রেষ্ঠ স্থান লাভ করেছে বলেও জানা যায়।

## এ্যাডমিনিষ্ট্রেটিভ বিল্ডিং মঞ্জুরী পেলো

রঘুনাথগঞ্জ : জঙ্গিপুর সংবাদে গত ২৭ ফেব্রুয়ারী '৯১ "প্রশাসনের হাজার চেষ্টা সত্ত্বেও এ্যাডমিনিষ্ট্রেটিভ বিল্ডিং যে তিমিরে সে তিমিরে" শীর্ষক সংবাদ প্রকাশিত হওয়ার পর সরকারী তরফে সাড়া জাগে। বিশ্বস্ত সূত্রে খবর ঐ বিল্ডিং এর জন্য ব্যয় মঞ্জুর হয়েছে ৮৩ লক্ষ টাকার মত। ৯০-৯১ এর জন্য পি ডবলু ডি ৫ লক্ষ টাকা এ্যালটমেণ্টও পেয়েছেন বলে জানা যায়। কাজ এ মাসেই শুরু হচ্ছে।

## জায়গা বিক্রয়

মিঞাপুর যাবার পথে "রাকেশ ইঁট ভাটা"র প্রায় তিন বিঘা রাস্তা লাগোয়া জায়গা এক সঙ্গে অথবা ২/৩ কাঠার প্লট হিসাবে বিক্রী করা হবে। যোগাযোগের স্থান—

শ্রীনিবাস আগরওয়ালা ( পাতিয়া )
রঘুনাথগঞ্জ ( মুর্শিদাবাদ )

বাজার খুঁজে ভালো চায়ের নাগাল পাওয়া ভার,
দার্জিলিঙের চূড়ায় ওঠার সাধ্য আছে কার?
শুনুন মশাই, স্পষ্ট কথা বাক্য পারিষ্কার
মনমাতানো দারুণ চায়ের ভাঁড়ার চা ভাণ্ডার।।

সবার প্রিয় চা ভাণ্ডার, সদরঘাট, রঘুনাথগঞ্জ।

ফোন : আর জি জি ১৬

সর্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ

১২ই চৈত্র বুধবার ১৩৯৭ সাল

## নরম সুর

এই রাজ্যের শিক্ষক ও শিক্ষাকর্মীদের অবসর গ্রহণের বয়সসীমা লইয়া এক বৎসর হইতে নানা টানাপোড়েন চলিয়াছে। সরকারী সিদ্ধান্ত এই যে, শিক্ষকদিগকে ষাট বৎসর বয়সে কর্ম হইতে অবসর লইতে হইবে। বিগত পে কমিশন শিক্ষকদের যে নূতন বেতনক্রমের সুপারিশ করেন, তাহা সরকার মানিয়া লইয়াছেন এবং তদনুযায়ী শিক্ষকেরা ও শিক্ষাকর্মীরা বর্দ্ধিত বেতন হার পাইতেছেন। অবশ্য এই নূতন বেতনহার লওয়ার জন্য তাঁহাদিগকে ষাট বৎসর বয়সে অবসর গ্রহণের 'অপসন' দিতে হইয়াছে, যাঁহারা এক্সটেনশনে আছেন এবং অপসন দেন নাই, তাঁহারা নূতন বেতনক্রমে বঞ্চিত।

সর্বশ্রেণীর অর্থাৎ নবাগত ও কর্মকাল প্রায় সমাপ্তির পথে এমন শিক্ষক ও শিক্ষাকর্মী-দের অবসর গ্রহণের একই সরকারী নিয়ম চালু করার জন্য ক্ষোভের সঞ্চার হয়। বলা হয় যে, যাঁহাদের কর্মকাল শেষ হইতে চলিয়াছে, তাঁহারা সরকার প্রদত্ত নূতন সুবিধা যেহেতু ভোগ করিতে পারিবেন না, করিলেও নিতান্ত অল্প দিনের জন্য, তাই একটা 'কাট অফ ইয়ার' ধরা খুবই সমীচীন। ইহার ফলে কম বেতনে যাঁহারা কাজ শুরু করিয়া আজ প্রান্তসীমায় আসিয়াছেন, তাঁহারা কিছুটা সুবিধা সুযোগ পাইবেন যদি তাঁহাদের অবসর গ্রহণের বয়ঃসীমা ৬৫ করা হয় এবং তাঁহাদের নূতন বেতন হার দেওয়া হয়। কিন্তু সরকার এই ব্যাপারে কোনও সুযোগ সুবিধা শিক্ষক ও শিক্ষাকর্মীদের দিতে নারাজ হওয়ায় কিছু কিছু শিক্ষক সংস্থার পক্ষ হইতে আদালতে মামলা দায়ের করা হয়। মামলার নিষ্পত্তি না হওয়া পর্যন্ত ৬৫ বয়ঃসীমা বহাল থাকিতেছে। কিন্তু নূতন বেতনহার ভোগের ব্যাপারে অনিশ্চয়তা রহিয়াছে।

প্রসঙ্গত উল্লেখ্য, বামফ্রন্টের শরিক দল-গুলির তিনটি দল—সি পি আই, আর এস পি ও ফরওয়ার্ড ব্লক সরকারী সিদ্ধান্তের বিরোধিতা এ পর্যন্ত করিয়া আসিয়াছিলেন। কিন্তু লোকসভা ও বিধানসভা নির্বাচনের জন্য তাঁহাদের সুস্পষ্ট বিরোধিতায় কিছুটা স্তিমিত ভাব লক্ষ্য করা যাইতেছে। নির্বাচনের জন্য শিক্ষক ও শিক্ষাকর্মীদের সমর্থন বামফ্রন্ট অনেকটা হারাইতে চলিয়াছিল। ফলে হয়ত সরকারকে অবসর গ্রহণের ব্যাপারে নমনীয় হইতে হইত। নির্বাচনের পর আলোচনা করা হইবে এইরূপ সিদ্ধান্তে উল্লেখিত বামফ্রন্ট শরিকদলগুলি সম্মত হওয়ার যে সর্বশেষ সংবাদ পাওয়া যাইতেছে, তাহাতে মনে হয়, এই দলগুলির সুর নরম হইয়া পড়িয়াছে। হয়ত নির্বাচনে আসন ভাগাভাগির ব্যাপারের জন্য বামফ্রন্টের বৃহত্তম দলের চাপে পড়িয়া ক্ষুদ্র শরিক দল-গুলিকে নরম হইতে হইয়াছে।

শিক্ষক ও শিক্ষাকর্মীদের অবসর গ্রহণের বয়ঃসীমা ৬৫-র পরিবর্তে ৬০ হওয়ায় দ্বিমত হইবার কারণ নাই। শিক্ষকদের যথেষ্ট বর্ধিত বেতন দেওয়া হইতেছে। কিন্তু এই সঙ্গে একটি কথা মনে রাখা প্রয়োজন যে, যাঁহারা কম বেতনে এতদিন কাজ করিয়া আসিয়াছেন, তাঁহারা বর্ধিত বেতন হইতে বঞ্চিত রহিলেন। মূলতঃ মামলা ইহারই ভিত্তিতে। সরকার ইঁহাদের প্রতি সুবিচার করেন নাই।

অবশ্য জয়েন্ট কাউন্সিল যাহা বামফ্রন্টের সমর্থক নহে, সরকারী সিদ্ধান্তের বিপক্ষে পূর্বাপর রুখিয়া দাঁড়াইয়াছে। বাম শরিক দলের ছয় শিক্ষক সংগঠন আসন্ন লোকসভা ও বিধানসভা নির্বাচনের জন্য তাঁহাদের এ পর্যন্ত দৃঢ় মনোভাবকে যে কিছুটা নরম করিয়াছেন, তাহা স্পষ্টই বুঝা যাইতেছে। শিক্ষক স্বার্থ ও দলীয় স্বার্থ এক সংঘাতের মধ্যে পড়িয়াছে।

## কুড়ি শয্যার মাতৃসদন মঞ্জুরীর পথে

জঙ্গিপুর : রঘুনাথগঞ্জ ২নং ব্লকের মিঠিপুর, সেকেন্দ্রা, গিরিয়া প্রভৃতি নিকটবর্ত্তী অঞ্চলের মানুষের প্রয়োজনে কুড়ি শয্যা বিশিষ্ট মাতৃ-সদন জঙ্গিপুর পাড়ে খুব শীঘ্র মঞ্জুর হবে বলে খবর। প্রকাশ এ সম্বন্ধে স্থান নির্ব্বাচনের জন্য স্বাস্থ্য সচিব লানা চক্রবর্তী ও এ্যাঃ হেলথ ডিরেক্টর ডাঃ পি, কে চ্যাটার্জী আসেন ও পুরপতকে রাইটার্সে যোগাযোগ করতে বলেন। সেই পরিপ্রেক্ষিতে গত ১১ মার্চ পুরসভার প্রেরিত প্রতিনিধি মহাকরণে আলোচনা করলে সরকারী পরিকল্পনা ও উন্নয়ন আধিকারিক পঃ বঃ তাঁর মেমো নং এইচ, পি, ডি/৩এম-৩০-৮৭/৬২২ তাং ১১ মার্চ '৯১ এ জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিককে তদন্ত করে প্রয়োজনীয় রিপোর্ট দাখিল করার নির্দেশ দেন। মুখ্য স্বাস্থ্য আধিকারিক তদন্ত করে শীঘ্র রিপোর্ট পাঠাচ্ছেন বলে পুরসভার প্রতিনিধি শৈলেন মুখার্জী ও গণ-তান্ত্রিক যুব ফেডারেশনের নেতা উদয় সিংহ রায়কে জানান।

## সভাপতির অশালীন আচরণের প্রতিবাদে বিক্ষোভ

জঙ্গিপুর : গত ১৪ মার্চ রঘুনাথগঞ্জ ২নং ব্লকের অর্থ বিষয়ক আলোচনা সভায় পঞ্চায়েত সমিতির সভাপতি গিয়াসুদ্দিন উদ্দেশ্যপূর্ণভাবে কয়েকজন ব্লক কর্মীর বিরুদ্ধে শাস্তির দাবী জানালে বিডিও তাতে অসম্মতি জানান। এই পরিপ্রেক্ষিতে গত ১৮ মার্চ সভাপতি গিয়াসুদ্দিনের নেতৃত্বে সি পি এম সমর্থক প্রায় ২৫০ লোক ব্লক অফিস ঘেরাও করেন ও ডেপুটেশন দেন। এই সভায় সি পি এর নেতা মৃগাঙ্ক ভট্টাচার্য্যও উপস্থিত ছিলেন বলে জানা যায়। এই বিক্ষোভ সমাবেশে সভাপতি গিয়াসুদ্দিন স্থানীয় কয়েকজন ব্লক কর্মীর উদ্দেশ্যে অশালীন উক্তি করেন এবং তাঁদের শারীরিক নির্যাতনের হুমকী দেন অন্য-দিকে সি পি এম নেতা মৃগাঙ্ক ভট্টাচার্য্য প্রত্যেক কর্মীকেই সুষ্ঠুভাবে অফিসে কাজ করতে অনুরোধ জানান। এই পরিপ্রেক্ষিতে পরদিন সভাপতির অশালীন আচরণের প্রতিবাদে কর্মী সংস্থার একাংশ অফিস চত্বরে অবস্থান শুরু করেন। শেষ পর্য্যন্ত অবস্থা আয়ত্বে আনতে গিয়াসুদ্দিন কর্মচারীদের কাছে তাঁর আচরণের জন্য অনুতপ্ত হয়ে ক্ষমা প্রার্থনা করায় এবং ১৪ মার্চের রেজুলিউশন ক্যানসেল করা হবে জানালে অবস্থান তুলে নেওয়া হয়। বিক্ষুব্ধ কর্মীদের এক প্রতিনিধি জানান পঞ্চায়েত সমিতির সভাপতির আচরণে মনে হচ্ছিল ব্লকের সব কর্মী যেন তাঁর খাস তালুকের প্রজা।

## আন্তর্জাতিক মহিলা দিবস উদ্‌যাপিত

সাগরদীঘি : গত ৮ মার্চ বালিয়া গ্রাম পঞ্চায়েতের অধীন ত্রৈলোক্যনগর ও নয়ানডাঙ্গা মহিলা সমিতি মিলিতভাবে ত্রৈলোক্যনগরে আন্তর্জাতিক মহিলা দিবস পালন করেন। অনুষ্ঠানে বসে আঁকো প্রতিযোগিতায় ১ম, ২য় ও ৩য় স্থানাধিকারিনীদের পুরস্কৃত করা হয়। এই দিবসের তাৎপর্য্য ব্যাখ্যা করেন সমিতির সম্পাদিকা বাসন্তী মণ্ডল, উমাকান্ত মণ্ডল ও লুথারেন ওয়ার্ল্ড সার্ভিসের মুর্শিদাবাদ জেলা ডেপুটি কোঅর্ডিনেটর অনুপ বিশ্বাস এবং জোনের ভারপ্রাপ্ত কমলেশ চৌধুরী বক্তব্য রাখেন। সভাপতিত্ব করেন সমাজসেবী কমলারঞ্জন প্রামাণিক। বিষ্ণুপুর মহিলা সমিতিও একটি অনুরূপ অনুষ্ঠানের আয়োজন করেন। এখানে তাঁরা নিরক্ষরতা দূরীকরণে তাঁদের কর্তব্য সম্বন্ধে আলোচনা করেন। এই দিবসের তাৎপর্য্য ব্যাখ্যা করেন অণিমা সাহানা, লুথারেনের ব্যবস্থাপক ভরতকুমার দাস ও পার্বতী এক্কা। এখানেও কমলারঞ্জন প্রামাণিক সভাপতিত্ব করেন।

# National Thermal Power Corporation Ltd.

(A GOVERNMENT OF INDIA ENTERPRISE)

NTPC
नेशनल थर्मल पावर कारपोरेशन

**Farakka Super Thermal Power Project**

P. O. NABARUN-742236 ; DIST. MURSHIDABAD (W.B.)

Date 19-03-91

Ref : FS : 42 : MD :

## Notice Inviting Tender

## MATERIALS MANAGEMENT DEPARTMENT

Sealed tender in duplicate are invited from reputed manufacturers for fabrication & supply of following materials.

| Sl. No. | Tender No. | Materials description | Qty. | EMD |
|---|---|---|---|---|
| 01. | FS : 42 : MD/T-14/0924 dt. 16-03-91 | FOR MAIN CUSHER SEI,915A RING GRANULATOR (KOPPERS) | | To be submitted with Bide in separate envelope. |
| | | a) Suspension disc as per our drawing | 58 nos | |
| | | b) End disc (locked end) as per drawing | 02 nos | Rs. 8000/- |
| | | c) End disc (cotton end) as per drawing | 02 nos | |
| 02 | FS : 42 : MD/T-13/0932 date 16-03-91 | FOR CHP BUNKER Seal belt for Bunker, Belt width 800 mm, 2 ply cover grade M24 & as per IS-1891-Pt-1 | 860 mtr | Rs. 10000/- |
| 03. | FS : 42 : MD/T-14/0915 dt. 16-3-91 | FOR COAL CUSHER STAGE-1 IN CHP Rotor shaft for cusher with brass oil inlet plug & key as per drawing | 2 nos | Rs. 5000/- |

**Qualifying requirement/General Conditions :**

1. Bidders should have proven experience for fabrication/manufacture & supply of above items including testing/inspection facility in their works.
2. To prove the credential the bidders should submit their experience certificates viz order copies of similar type of fabrication job from reputed organisations as evidence.
3. Tender documents will be issued only to primafacie qualified bidders after scrutiny of credentials which are to be furnished alongwith the request for tender documents.
4. However, issuance of tender documents will not automatically qualify the applicant/firm, NTPC reserves the right to alter the qualifying requirement/quantity etc. as may be needed. Bid evaluation will be done to determine qualified bidders based on actual requirement.
5. Cost of tender documents : Cost of each tender documents is Rs. 100/-. Vendors should forward D/D only payable at SBI/Khejuria (code 8747) in favour of "National Thermal Power Corporation Ltd," to Dy. Manager (Purchase). Request for each tender should be made separately.
6. Last date for sale of documents : 26-4-91
7. Date of opening tender etc will be indicated in tender documents above all are indicative.
8. This tender notice may also be used for the purpose of future vender enlistment. Vendors are request e d to submit their credentials in totality.
9. NTPC is not responsible for any delay in communication/postal delay. No telegraphic communication will be acceptable.
10. NTPC reserves the right to accept or reject any request for tender documents or offers without assignning any reason thereof

**Chief Materials Manager**
NTPC/FSTPP

## সংরক্ষিত বনের গাছ কেটে পাচারের সময় অপরাধী ধৃত

সাগরদীঘি : গত ২০ মার্চ গভীর রাতে স্থানীয় থানার মনিগ্রামের সংরক্ষিত বন থেকে গাছ কেটে কাঠ পাচার করার সময় অপরাধীরা ধরা পড়ে। খবরে প্রকাশ কাঠ ব্যবসায়ী হাসেন সেখ ও মকবুল সেখ বনরক্ষীদের হাত করে বেশ কিছু সেগুন ও অর্জুন গাছ কেটে ট্রাকযোগে পাচার করার সময় পুলিশ গোপন সূত্রে খবর পেয়ে ট্রাকটিকে আটক করে। হাসেন সেখ পালিয়ে যায়। মকবুল ও ট্রাক ড্রাইভারকে পুলিশ বামাল গ্রেপ্তার করে পরদিন জঙ্গিপুর কোর্টে চালান দেয়। উল্লেখ্য কাঠ চুরির ব্যাপারে উর্দ্ধতন কর্তৃপক্ষের কাছে নালিশ জানালে বহরমপুর রেঞ্জ অফিসার রত্নেশ্বর বাড়ই স্থানীয় থানায় ক্ষেতমজুর ইউনিয়নকে চিঠি লিখে জানান যে এসব দুর্নীতি বন্ধ করার ব্যবস্থা নেওয়া হচ্ছে

## পি সি পির ষ্টোর রুমে আগুন

নবারুণ পয়েন্ট : গত ২২ মর্চ বেলা প্রায় ৩টা নাগাদ পি সি পি কোম্পানীর একটি ষ্টোর রুমে আগুন লাগে বলে খবর। বৃহৎ তাপ বিদ্যুৎ কেন্দ্রের চতুর্থ ইউনিটের ১৭ মিটার উঁচুতে কাঠের এই ষ্টোর রুমটি ছিল। পি সি পি কোম্পানীর ২৫ মিটার উঁচুতে ইলেকট্রিক ওয়েলডিং এর কাজ চলাকালীন আগুনের স্ফুলিঙ্গ উড়ে এসে কাঠের ঘরে পড়ায় অগ্নিকাণ্ড ঘটে বলে জানা যায়। তাপ বিদ্যুৎ কেন্দ্রের দমকল বাহিনী সঙ্গে সঙ্গে ঘটনাস্থলে আসে ও প্রায় তিন ঘন্টা চেষ্টা চালিয়ে আগুন নেভাতে সক্ষম হয়।


আর্থিক পুনর্বাসনে আপনাদের সেবায় :

**শর্মিষ্ঠা ফাইনান্স লিঃ**

গভঃ রেজিঃ নং ২১-৪৯৭২৫

রেজিঃ এবং হেড অফিস

দরবেশপাড়া : রঘুনাথগঞ্জ : মুর্শিদাবাদ

আপনাদের সহযোগিতা প্রার্থী—

এ. মুখার্জী

ম্যানেজিং ডাইরেক্টর




সুবর্ণ সুযোগ ! সুবর্ণ সুযোগ !!

**H. M. T. ঘড়ি কিনুন**

**কুপন সংগ্রহ করুন**

**শেষ তারিখ ৩১-৫-৯১**





## সাক্ষরতার শপথ

বিশাল দেশ ভারতবর্ষের অধিকাংশ মানুষই অক্ষর পরিচয়হীন। গণতন্ত্রের সার্থক রূপায়ণের জন্য এই সব নিরক্ষর মানুষকে স্বাক্ষর করে তুলতে হবে। বয়স্ক শিক্ষার আন্দোলনে সমস্ত গণ সংগঠনকে সামিল করে নিপীড়িত মানুষের হাতিয়ার 'বই' তাদের হাতে তুলে দিতে হবে। বই মানুষের মনের অন্ধকার দূর করে, কুসংস্কার এবং অন্ধ বিশ্বাস হতে মানুষকে মুক্ত করে।

যুক্তিবাদী শিক্ষার আলোকেই সব কিছু জয় করা যায় ভাগ্য যা কপালের জোরে নয়।

নিরক্ষরতা একটি সামাজিক অপরাধ। অধিক সংখ্যক মানুষকে আমরা সাক্ষর করে সামাজিক ঋণ শোধ করবো এই আমাদের শপথ।

তথ্য ও সংস্কৃতি বিভাগ
মুর্শিদাবাদ

## হত্যা করা হলো

(১ম পাতার পর)

হবে না বলে শ্বশুর বাড়ীর লোকেরা তাঁকে নিয়ে যান। মৃতার কাকা অভিযোগ করেন, এই হত্যাকাণ্ডে ছেলের ভগ্নীপতি গাঙ্গীন গ্রামের প্রশান্ত দাস এবং বোন সুন্দরী প্রত্যক্ষভাবে জড়িত। প্রায় এক মাস আগে বনলতার আড়াই ভরি সোনার মাকড়ি সুন্দরী চুরি করে বলে মৃতার কাকা জানালেন। এই হত্যাকাণ্ডের সঙ্গে পাশের বাড়ীর সুবলচন্দ্র দাসের (মৃতার স্বামীর সম্পর্কে কাকা) সকলে জড়িত। তাঁদের নামেও ডায়েরী করা হয়েছে। মেয়েটির কাকা জানান, বনলতাকে হত্যা করার পর ভোররাতে তার লাশ গুম করার জন্যে পদ্মার দিকে নিয়ে যাওয়ার সময় মাঠে প্রহরারত যোগানদাররা দেখে ফেলায় লাশ বাড়ীতে ফিরিয়ে এনে সকলে পালিয়ে যায়।

রঘুনাথগঞ্জ ( পিন—৭৪২২২৫ ) পণ্ডিত প্রেস হইতে অনুত্তম পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।